ডাকবই নং ৬৫৪	তারিখ : ৪.৩.১৯
উপজেলা	অবিলম্বে পেশ করুন
এসিল্যান্ড, সহকারী কমিশনার (ভূমি)	পেশ করুন
ভূমি সহায়ক	কার্য ব্যবস্থা গ্রহণ করুন
ইউনিয়ন ভূমি অফিস	তথ্যের গ্রহণ করুন
কৃষি-সেচ/বিবিধ	ফাইলে সংযুক্ত করুন
কৃষিবন্ধু সহকারী	ফাইলে সংযুক্তি অনুলিপি দিন
হিসাব সহকারী	পরিষ্কার করুন
অফিস সহকারী	কথা বলুন
	উপজেলা নির্বাহী অফিসার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
(www.wewb.gov.bd)

নম্বর: ৯.০৪.০০০০.০০৫.১০.০০১.১৯-৩৯৭৯ তারিখ: ২৬-০২-২০১৯ খ্রিঃ

বিষয়ঃ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের 'শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি'টি তৃণমূল পর্যায়ে ব্যাপক প্রচার।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০১৮ সালে পিইসি/সমমান, জেএসসি/সমমান, এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণি/সমমান, ৯ম শ্রেণী/সমমান অথবা পাবলিক বিশ্ববিদ্যালয়/পাবলিক মেডিকেল কলেজে ১ম বর্ষ/১ম সেমিস্টারে অধ্যয়নরত রয়েছে তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক মেধাবী ছাত্র/ছাত্রীকে শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্ত দরখাস্ত আহবান করা হয়েছে। ইতোমধ্যে বিজ্ঞপ্তিটি ১৬ জানুয়ারী, ২০১৯ তারিখের "বাংলাদেশ প্রতিদিন, আমাদের সময়, যুগান্তর ও প্রথম আলো" পত্রিকায় প্রকাশিত হয়েছে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েব সাইটে (www.wewb.gov.bd) শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তি ও আবেদন ফরম পাওয়া যাবে।

২.০ আবেদন পত্র আগামী ১৪ মার্চ, ২০১৯ তারিখ, বিকাল ৫ টার মধ্যে সরাসরি/ডাকযোগে পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ এর দপ্তরে পৌঁছাতে হবে। প্রবাসী কর্মীরা যাতে করে তাদের মেধাবী সন্তানদের জন্য বৃত্তির সুযোগ গ্রহণ করতে পারে সে লক্ষ্যে উপজেলা প্রশাসনের মাধ্যমে জনপ্রতিনিধি, গণমাধ্যম, উপজেলা শিক্ষা অফিস এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

৩.০ এমতাবস্থায়, প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের বৃত্তি প্রদান সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে উপজেলা প্রশাসনের মাধ্যমে উপজেলা শিক্ষা অফিস, স্থানীয় জনপ্রতিনিধি, স্থানীয় গণমাধ্যম এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ব্যাপক প্রচারের লক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ ১। আবেদন ফরম ০১ পাতা।
২। বিজ্ঞপ্তির কপি ০১ পাতা।

(মোঃ জহিরুল ইসলাম)
উপ-সচিব
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
ফোন : ০২-৯৩৪৩২৪৭
Email: stipen2012@gmail.com

উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাজাহানপুর, বগুড়া।
shajahanpur.bogra.gov.bd

স্মারক নং-০৫.৫০.১০৮৫.০০০.১৬.০০১.১৯-৩৪৮ তারিখ : ২৩ ফাল্গুন ১৪২৫ ব. / ০৭ মার্চ ২০১৯ খ্রি.

অনুলিপি অবগতি ও উক্ত পত্রের নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ

১। উপজেলা ---------- অফিসার, শাজাহানপুর, বগুড়া।
২। **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাজাহানপুর, বগুড়া। তাকে সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।**
৩। উপজেলা শিক্ষা অফিসার, শাজাহানপুর, বগুড়া। তাকে সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
৪। চেয়ারম্যান----------(সকল), ইউপি, শাজাহানপুর, বগুড়া।
৫। সভাপতি/সাঃ সম্পাদক, প্রেস ক্লাব, শাজাহানপুর, বগুড়া।
৬। নোটিশ বোর্ড।
৭। অফিস কপি ।

উপজেলা নির্বাহী অফিসার (ভারঃ)